

## একটি কাজের যায়গায় কয়টি টয়লেট থাকা উচিত?

### (How many toilets should a workplace have?)

এ বিষয়ে সংশ্লিষ্ট আইন হচ্ছে The Workplace (Health, Safety and Welfare) Regulations 1992.

রেগুলেশন ২০, সেনিটারী সুবিধাদি, উল্লেখ করছে যে:

১. ত্বরিতভাবে যাওয়া যায় এমন স্থানে যথাযথ ও যেথেষ্ট সেনিটারী সুবিধাদির ব্যবস্থা করতে হবে।
২. প্যারাগ্রাফ (১) এর সার্বজনীন বিধানকে ক্ষুন্ন না করে, সেনিটারী সুবিধাদি যথাযথ হবেনা যদি না-
  - (ক) যে সব কক্ষে এগুলো থাকবে তা যেথেষ্ট বাতাস চলাচল সুবিধা সম্পন্ন ও আলোকিত হয়;
  - (খ) উক্ত সুবিধাদি এবং যে কক্ষে সেগুলো থাকবে তা পরিষ্কার ও সুশৃঙ্খল অবস্থায় রাখা হয়; এবং
  - (গ) পুরুষ ও নারীদের জন্য সেনিটারী সুবিধায়ুক্ত স্বতন্ত্র কক্ষ রাখা হয়, যেখানে ও যতক্ষণ পর্যন্ত প্রতিটি সেনিটারী সুবিধা আলাদা কক্ষে ভেতর থেকে দরজা বন্ধ করার ব্যবস্থাসহ করা ব্যতিরেকে।

এর বাইরেও অনুমোদিত আচরণমালা নিম্নলিখিত সর্বনিম্ন সংখ্যক সুবিধা দিতে বলেছে:

(কোনো এক মূহর্তে সম্ভাব্য সর্বোচ্চ যে সংখ্যক কর্মে নিয়োজিত মানুষ কর্মস্থানে থাকতে পারে তা কলাম ১-এ দেখানো হয়েছে)

মিশ্র ব্যবহারের জন্য টয়লেট ও হাতধোয়ার বেসিনের সংখ্যা (অথবা শুধু মহিলাদের জন্য) :

কর্মে নিয়োজিত মানুষের সংখ্যা	টয়লেটের সংখ্যা	ওয়াশবেসিনের সংখ্যা
১-৫	১	১
৬-২৫	২	২
২৬-৫০	৩	৩
৫১-৭৫	৪	৪
৭৬-১০০	৫	৫

শুধু পুরুষদের ব্যবহার্য টয়লেট:

কর্মে নিয়োজিত মানুষের সংখ্যা	টয়লেটের সংখ্যা	ওয়াশবেসিনের সংখ্যা
১-১৫	১	১
১৬-৩০	২	১
৩১-৪৫	২	২
৪৬-৬০	৩	২
৬১-৭৫	৩	৩
৭৬-৯০	৪	৩
৯১-১০০	৪	৪

সূত্রঃ

L24, Workplace health, safety and welfare, approved code of practice and guidance, (ISBN 0717604136 - HSE Books-এ পাবেন)।

- **Welfare at work** - ফ্রি তথ্যপত্র  
(কর্মস্থানে কল্যাণ)